



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড  
Bangladesh Power Development Board

কর্মচারী পরিদপ্তর  
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা  
৯৫৫৩১০১

সূত্র নং-১৬২-বিউবো(কর্ম)/২/ডিইই-৮৯/২০১৬

তারিখ : ২৫/০৫/২০১৬খ্রিঃ  
১১/০২/১৪২৩বঙ্গঃ

সাকুলার

বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলীদের জানানো যাইতেছে যে, ৮৯তম বিভাগীয় পরীক্ষা (১ম পর্ব মৌখিক এবং দ্বিতীয় পর্বের ১ম ও ২য় পত্র লিখিত) অতিশীঘ্রই অনুষ্ঠিত হইবে।

২। পরীক্ষা বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরী বিধিমালা- ১৯৮২ ও উক্ত বিধিমালায় সংযোজিত সিলেবাস অনুযায়ী পরিচালিত হইবে। বিউবো(কর্মচারী) চাকুরী বিধিমালায় বর্ণিত Part-2 এর ২য় পত্রের সিলেবাসে উল্লেখিত The Factories Act-1965, The Workmen's Compensation Act-1923, The Industrial Relations Ordinance-1969 এবং The Employment of Labour(Standing Orders) Act-1965 রহিত হওয়ার প্রেক্ষিতে উক্ত আইন সমূহের স্থলে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ [সর্বশেষ সংশোধনীসহ] সিলেবাসে অন্তর্ভুক্ত হইবে।

৩। যে পদ্ধতিতে পরীক্ষা গৃহীত হইবে তাহা নিম্নে সন্নিবেশিত হইলঃ-

- যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় রেফারেন্স বই ব্যবহার করিতে চান, তাঁহাদের প্রত্যেককে রেফারেন্স বই সংগে আনিতে হইবে।
- প্রত্যেক পরীক্ষার্থীকে নির্দিষ্ট সিটে বসিয়া পরীক্ষা দিতে হইবে।
- পরীক্ষার্থীদের অবশ্যই একক প্রচেষ্টায় পরীক্ষা দিতে হইবে।
- কোন পরীক্ষার্থী অন্য পরীক্ষার্থীর সংগে আলাপ আলোচনার মাধ্যমে উত্তর খুঁজিয়া বাহির করিতে বা লিখিতে পারিবেন না।

৪। সহকারী প্রকৌশলী হিসাবে যোগদানের তিন বৎসরের মধ্যে যাহারা ১ম পর্ব (মৌখিক) পরীক্ষায় কৃতকার্য হইতে পারেন নাই তাঁহাদেরকে চাকুরী বিধিমালা ১৯৮২ এর ১৭১(১) নং বিধি অনুসারে সংশ্লিষ্ট সদস্য মহোদয়ের অনুমতিসহ আবেদন করিতে হইবে। অন্যথায়, তাঁহাদেরকে পরীক্ষায় অংশ গ্রহণ করিতে দেওয়া হইবে না।

৫। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক সহকারী প্রকৌশলীদের অপর পৃষ্ঠায় বর্ণিত ছক পূরণ করতঃ আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২৩/০৬/২০১৬ তারিখের মধ্যে অত্র পরিদপ্তরে পৌছাইতে হইবে।

৬। অসম্পূর্ণ বা নির্দিষ্ট তারিখের পরে অত্র পরিদপ্তরে প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণ করা হইবে না।

৭। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী তালিকাভুক্ত আবেদনকারীদের যথাসময়ে জানাইয়া দেওয়া হইবে।

নির্দেশক্রমে,  
স্বাক্ষরিত/-

(মেহেরুল নেছা খানম)  
পরিচিতি নং ২-০০৬৪  
উপ-পরিচালক-১(কর্ম)

সূত্র নং-১৬২-বিউবো(কর্ম)/২/ডিইই-৮৯/২০১৬

তারিখ : ২৫/০৫/২০১৬খ্রিঃ  
১১/০২/১৪২৩বঙ্গঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :-

- ১। সচিব(যুগ্ম-সচিব), বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ২। সকল প্রধান প্রকৌশলী/প্রকল্প সমন্বয়কারী(প্রধান প্রকৌশলী)/মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন/প্রশিক্ষণ (প্রধান প্রকৌশলী)/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক(অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প সমন্বয়কারী, বিউবো,-----
- ৩। নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ, বিউবো, ঢাকা।
- ৪। সি এস ও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
- ৫। সকল পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ব্যবস্থাপক/প্রকল্প পরিচালক(তত্ত্বাবধায়ক প্রকৌশলী), বিউবো, -----
- ৬। সকল নির্বাহী প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী(নিঃ প্রকৌঃ)/উপ-পরিচালক, বিউবো,-----
- ৭। সহকারী পরিচালক-৯, অত্র পরিদপ্তর।

(মোঃ বনি আমিন)  
পরিচিতি নং ২-০২২৯  
সহকারী পরিচালক-২(কর্ম)

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রকৌশলীদের ৮৯তম  
বিভাগীয় পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নির্ধারিত ছক।

ক্রমিক নং	নাম, পরিচিতি নং, পদবী এবং বর্তমান কর্মস্থল	জন্ম তারিখ	সহকারী প্রকৌশলী হিসাবে যোগদানের তারিখ	শিক্ষাগত যোগ্যতা ডিগ্রী/ডিপ্লোমা(তড়িৎ/যান্ত্রিক/সিভিল/ /আর্কিটেকচার/কম্পিউটার)	পূর্বে কোন পরীক্ষায় পাশ করিয়া থাকিলে উক্ত পরীক্ষার নং (কত-তম পরীক্ষা) এবং উক্ত পরীক্ষার রোল নং
১	২	৩	৪	৫	৬